গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয় ,ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০১৩.২৩.০০১.১৯-২৭০ তারিখঃ ০১ জৈষ্ঠ ১৪২৬ ব.
১৫ মে ২০১৯ খ্রি.

বিষয়ঃ **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রণীত কর্মপরিকল্পনা** ।

সূত্রঃ ১. জাতীয় বাস্তবায়ন কমিটি/২০১৯/০২৫(৩১) তারিখ:২৮.০৪.২০১৯খ্রি.
২. মন্ত্রিপরিষদ বিভাগের ০৭.০৫,২০১৯ তারিখের ২১৩ নং সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে খাদ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে এবং খাদ্য সচিব মহোদয়ের সঞ্চালনে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, এফপিএমইউ, চেয়ারম্যান,বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষসহ মন্ত্রণালয় ও সংস্থার সকল কর্মকর্তাদের অংশগ্রহণে গত ১৩.০৫.২০১৯ খ্রি. তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় মন্ত্রণালয়ের সভাকক্ষে একটি প্রস্তুতিমূল কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের বছরব্যাপী কর্মপরিকল্পনা ও গৃহীত সিদ্ধান্ত/কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সম্মতি সাপেক্ষে গৃহীত কর্মপরিকল্পনা ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হবে।

সংযুক্তিঃ কার্যবিবরণী ৩ (তিন) ফর্দ ।

স্বা/-
(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব
ফোন-৯৫৪০১৫৪
admin1@mofood.gov.bd

প্রধান সমন্বয়,
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী
উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি,
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা,ঢাকা।

নং-১৩.০০.০০০০.০১৩.০২৩.০০১.১৯-২৭০/১(২০) তারিখঃ ০১ জৈষ্ঠ ১৪২৬ ব.
১৫ মে ২০১৯ খ্রি..

সদয় অবগতি ও অবগতির জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৪. চেয়ারম্যান,বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ,ঢাকা।
৫. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর/এফপিএমইউ, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৬. যুগ্ম-সচিব/যুগ্মপ্রধান (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৮. সচিবের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৯. উপসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
১০. প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়।

১৫/০৫/১৯
(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব
ফোন-৯৫৪০১৫৪
admin1@mofood.gov.bd

E:\Nikosh\Saifullah & Shopna\Saifullah 24.5.2012\Saifullah\Etc- 2019.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
(www.mofood.gov.bd)

নং-১৩.০০.০০০০.০১৩.২৩.০০.১৯-২৬৩ তারিখ:-১৩.০৫.২০১৯ খ্রি.

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাধন চন্দ্র মজুমদার |
| সভার তারিখ ও সময় | : | ১৩.০৫.২০১৯ খ্রি. বিকাল ০২:০০ টা |
| সভার স্থান | : | খাদ্য মন্ত্রণালয়, সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | তালিকা সংযুক্ত |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় । অত:পর সভাপতি সভাকে অবগত করেন যে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যদায় উদযাপনের মাধ্যমে তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাতে হবে । তরুণ প্রজন্মকে তাঁর কীর্তি যথাযথভাবে অবগত করাতে হবে । জাতির পিতার জন্মশত বার্ষিকী সুষ্ঠভাবে পালনের লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য আজকের সভা আয়োজন করা হয়েছে । অত:পর তিনি সচিব খাদ্য মন্ত্রণালয়কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুরোধ করেন ।

সচিব সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী জাতীয় পর্যায়ে সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কে সভাপতি ও ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, সাবেক মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় কে সদস্য সচিব করে ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি এবং জাতীয় অধ্যাপক জনাব মো: রফিকুল ইসলাম কে সভাপতি ও ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, সাবেক মুখ্য সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয় কে প্রধান সমন্বয়ক করে ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয় ।

জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ স্ব উদ্যোগে নানা কর্মসূচি গ্রহণ করছে । এ সকল কর্মসূচি জাতীয় পর্যায়ে উদযাপনের জন্য একটি সমন্বিত কর্ম পরিকল্পনা চুড়ান্ত করার লক্ষ্যে এবং কোন কর্মসূচির দ্বৈততা পরিহার করার জন্য স্ব স্ব মন্ত্রণালয় কর্তৃক কর্মপরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

খাদ্য মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত করার লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত এ সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | খাদ্য ভবন সচিবালয়ের নিকটবর্তী অত্যন্ত জন গুরুত্বপূর্ণ স্থানে হওয়ায় এ ভবনের সামনে একটি ডিজিটাল বিলবোর্ড স্থাপন করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ০৭ ই মার্চের ভাষণ সহ বঙ্গবন্ধুর জীবনভিত্তিক প্রামান্য চিত্র প্রদর্শনীর পাশাপাশি খাদ্য মন্ত্রণালয়ের উন্নয়নমূলক কার্যক্রম এবং নিরাপদ খাদ্য ও পুষ্টি সংক্রান্ত বিভিন্ন তথ্য বছর ব্যাপী প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>নিজস্ব অফিস আছে এরুপ প্রত্যেক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে অনুরূপ কার্যক্রম গ্রহণ করা হবে। | খাদ্য অধিদপ্তর |
| ২. | নিরাপদ খাদ্য দিবস ২০২০ ও ২০২১ সালে জাতীয় ভাবে ফুড ফেস্টিভ্যাল আয়োজন করা হবে।<br>-২০২০ সালে শর্করা জাতীয় খাদ্য ফুড আইটেম দ্বারা ফুড ফেস্টিভ্যালের আয়োজন ;<br>-২০২১ সালে শর্করা ব্যতীত অন্য সকল ফুড আইটেম দ্বারা ফুড ফেস্টিভ্যালের আয়োজন;<br>- তেল ব্যতীত রান্না করা ফুড আইটেম সংযুক্ত করে ফুড ফেস্টিভ্যালের আয়োজন; | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ৩. | পরীক্ষীত নিরাপদ খাদ্য সরবরাহকারী, উৎপাদনকারী উদ্যোগক্তাকে নিরাপদ খাদ্য পদক প্রদান; | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ৪. | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক খাদ্যে ভেজালের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ করার লক্ষ্যে দেশব্যাপী নজরদারি বাড়ানো, বিভিন্ন কর্মসূচি যেমনঃ জেলা ও উপজেলা পর্যায়ে সেমিনার, আঞ্চলিক গান, এবং খাদ্যে ভেজালের বিরুদ্ধে পথ নাটকের মাধ্যমে প্রচারণা করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ৫. | বর্তমানে ২৪টি উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণ করা হচ্ছে । বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ২০২০ সালে ৫০টি উপজেলায় এবং ২০২১ সালে ১০০টি উপজেলায় এই কর্মসূচি বিস্তৃত করা হবে এবং পর্যায়ক্রমে সারা দেশে কার্যক্রমটি পরিচালনা করা হবে । এই কার্যক্রমে নারী ও শিশুদের পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপকারভোগীদের মধ্যে প্রসূতি ও দুগ্ধমাতাদের অন্তর্ভুক্ত করা হবে। | খাদ্য অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| ৬. | কৃষকের ধানের ন্যায্য মূল্য নিশ্চিত করার জন্য যে সকল এলাকায় ধান বেশি উপাদন হয় এবং এলএসডি চত্বরে স্থান সংকুলান হয় সেখানে "ধান শুকানো ও পরিষ্কার করার ব্যবস্থা সহ ৫০০০ মেট্রিক টন ধারন ক্ষমতার ২০০ টি সাইলো নির্মাণ" ও ই-পেমেন্ট পদ্ধতিতে সরাসরি মূল্য পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে। | খাদ্য অধিদপ্তর ও আধুনিক খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প |
| ৭. | বঙ্গবন্ধুর নাম ও প্রতিকৃতি এবং জন্মশত বার্ষিকীর লোগো সংযুক্ত করে ৩ লাখ পারিবারিক সাইলো বিতরণ করা হবে। | আধুনিক খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প |
| ৮. | আশুগঞ্জে নির্মাণধীন বৃহত্তম আধুনিক সাইলোটি বঙ্গবন্ধুর নামে নামকরণ করা এবং সাইলো চত্বরে স্থাপত্য অধিদপ্তরের সহযোগিতায় বঙ্গবন্ধুর প্রতিকৃতির ভাস্কর্য নির্মাণ করা হবে । | খাদ্য মন্ত্রণালয় ও আধুনিক খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প |
| ৯. | খাদ্য, কৃষি ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের যৌথ আয়োজনে বাস্তবায়িত "নিউট্রিশন অলিম্পিয়াড" এর নামকরণ "বঙ্গবন্ধু নিউট্রিশন অলিম্পিয়াড" করা হবে। | এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয় |
| ১০. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের লক্ষ্যে আন্তজার্তিক মানের আধুনিক পরীক্ষাগার স্থাপন করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ১১. | বঙ্গবন্ধু সোনার বাংলা গড়ার লক্ষ্যে জনগণের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের নিমিত্ত স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ১২. | দেশব্যাপী বঙ্গবন্ধু নিরাপদ খাদ্য স্কুল কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন ।

সাধন চন্দ্র মজুমদার, এমপি
মন্ত্রী
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।